শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪০.১৮.০৬৩.১৮- ৭১০০

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আজাদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বিগত ০৪-০৫ নভেম্বর, ২০১৮ তারিখে ০২(দুই) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। অনুপস্থিতকালীন সময়ে তার ফোনে ও অন্যান্য পরিচিতদের মাধ্যমে যোগাযোগ করার চেষ্টা করা হলেও মোবাইল ফোন বন্ধ থাকায় তার সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি। সে পরিপ্রেক্ষিতে তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় । কিন্তু তিনি কোন জবাব প্রদান করেননি। পরবর্তীতে তাকে পুনরায় জবাব দাখিলের জন্য পত্র প্রেরণ এবং মৌখিকভাবে জবাব দাখিলের জন্যও বলা হলেও কোন জবাব দাখিল করেননি; এবং

যেহেতু, তিনি গত ০১ জানুয়ারি, ২০১৯ তারিখ থেকে ২০ জানুয়ারি, ২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত অফিসে অনুপস্থিত ছিলেন। পরবর্তীতে তাকে ছুটি মঞ্জুরের আবেদন করতে বলা হলেও তিনি তা করেননি। গত ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ থেকে ০৬ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত বিনা অনুমতিতে অফিসে অনুপস্থিত ছিলেন এবং তার মোবাইল ফোনও বন্ধ ছিল। তার স্ত্রী'র সাথে মোবাইল ফোনে কথা বলে জানা যায় তিনিও জনাব আজাদুল ইসলামের কোন খবর জানেন না। তার অনুপস্থিতিতে অতি জরুরি প্রতিবেদন প্রেরণসহ সরকারি জরুরি কার্য সম্পাদনে বিঘ্ন সৃষ্টি হয়েছে; এবং

যেহেতু, গত ১৪ আগস্ট ২০১৯ খ্রি. তারিখ থেকে ০৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে তিনি কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০১/১৯ রুজু করে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং গত ০৩/০৯/২০১৯ তারিখ থেকে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। নির্ধারিত সময়ে জবাব না দিলে তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তির নিমিত্ত তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু, তিনি নির্ধারিত সময়ের অনেক পরে তার বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব দাখিল করেন। জবাবে তিনি এ মর্মে ৩০০ টাকার স্ট্যাম্পে অঙ্গীকার করেন যে, **'আমি পূর্বের ন্যায় অপরাধ আর করব না, করলে এ অঙ্গীকারনামাই আমার চাকুরীচ্যুতির প্রমাণ হিসেবে বিবেচিত হবে'**। কিন্তু এর পরেও তিনি অভিযোগনামায় বর্ণিত ৪৬ দিনের সাথে ০৪/১১/২০২০ তারিখ থেকে ২২/০৩/২০২১ তারিখ পর্যন্ত ১৩৮ দিন, ২২/০৩/২০২১ তারিখ থেকে ০১/০৮/২০২১ তারিখ পর্যন্ত ১২২ দিন এবং ০১/০৮/২০২১ তারিখ থেকে অদ্যাবধি অর্থাৎ ২১/০৯/২০২১ তারিখ পর্যন্ত ৫১ দিনসহ সর্বমোট ৩৫৭ দিন কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকেন; এবং

যেহেতু, তার উক্ত অনুপস্থিতির কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী কেন তাকে চাকরি থেকে বরখাস্ত করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। উক্ত কারণ দর্শানো নোটিশ তিনি নিজ হাতে স্বাক্ষর করে গ্রহণ করলেও তার কোন জবাব দাখিল করেন নি; এবং

যেহেতু, ২য় কারণ দর্শানোর জবাব দাখিল না করায় এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে চাকরি থেকে বরখাস্ত করার বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে মতামতের জন্য পত্র প্রেরণ করা হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকরি থেকে বরখাস্ত [dismissal from service]' করার গুরুদন্ডের পরিবর্তে একই বিধিমালার ৪(৩)(খ) বিধি অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর [Compulsory Retirement]' গুরুদন্ড আরোপের বিষয়ে পরামর্শ প্রদান করেছে।

চলমান পাতা-০২

সেহেতু, তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী গুরুদন্ডের আওতায় তাকে ০৩/০৯/২০১৯ তারিখ অর্থাৎ সাময়িক বরখাস্তের দিন থেকে 'বাধ্যতামূলক অবসর [Compulsory Retirement]' প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২২/০৯/২০২১

(মোঃ আমিনুল ইসলাম খান)
সচিব

নং- ৫৭.০০.০০০০.০৪০.১৮.০৬৩.১৮- ৯৯০০

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (সকল),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপ-পরিচালক (ফর্মস), বাংলাদেশ ফর্মস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৯. সিনিয়র সহকারী সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১২. সহকারী সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬. জনাব জনাব মোঃ আজাদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭. কম্পিউটার অপারেটর/সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর/অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, হিসাব রক্ষক, ক্যাশিয়ার, ক্যাটালগার (সকল),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৮. অফিস সহায়ক (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৯. অফিস কপি।

২২/০৯/২০২১

(রোকসানা রহমান)
উপসচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫৪৫৪৩৪